The Bangladesh Monitor - A Premier Travel Publication

সৈয়দপুর বিমানবন্দরে যাত্রীসেবা উন্নয়নে গণশুনানি অনুষ্ঠিত

- A Monitor Desk Report Date: 30 September, 2025

নীলফামারী : যাত্রীসেবার মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)'র উদ্যোগে সৈয়দপুর বিমানবন্দরে এক গণশুনানির আয়োজন করা হয়।

সোমবার (২৯ সেপ্টেম্বর) দুপুর ২টা ১৫ মিনিটে অনুষ্ঠিত এই গণশুনানিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেবিচকের সদস্য (প্রশাসন) ও সরকারের অতিরিক্ত সচিব জনাব এস এম লাবলুর রহমান।

মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী মাসিক ভিত্তিতে গণশুনানি আয়োজনের অংশ হিসেবেই এই আয়োজনটি অনুষ্ঠিত হয়।

এতে যাত্রীসাধারণ, বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ, এয়ারলাইন্স প্রতিনিধি ও অন্যান্য স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করেন।

গণশুনানিতে যাত্রীসেবার মান উন্নয়নে অংশগ্রহণকারীদের কাছ থেকে নানা পরামর্শ ও মতামত গ্রহণ করা হয়। তাৎক্ষণিক সমাধানযোগ্য সমস্যাসমূহের বিষয়ে প্রধান অতিথি সংশ্লিষ্ট বিমানবন্দর ব্যবস্থাপককে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। অন্যদিকে, দীর্ঘমেয়াদি বা নীতিনির্ধারণী পর্যায়ের সমস্যাগুলো সমাধানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন তিনি।

গণশুনানিতে বিশেষভাবে আলোচিত হয় সৈয়দপুর থেকে ঢাকাগামী বিমানের টিকিটের অস্বাভাবিক ভাড়াবৃদ্ধি এবং টিকিট সিন্ডিকেটের বিষয়টি।

উপস্থিত যাত্রীদের অভিযোগের ভিত্তিতে বিষয়টি গুরুত্বের সাথে আমলে নেওয়ার আশ্বাস দেন বেবিচকের উর্ধ্বতন কর্মকর্তারা।

প্রধনি অতিথি তার বক্তব্যে এই ধরনের নিয়মিত গণশুনানির মাধ্যমে যাত্রীদের সরাসরি মতামত ও সমস্যার কথা শোনা যাবে এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ সহজ হবে বলে আশা প্রকাশ করেন।

-B